# শোক সংবাদ

গভীর শোক ও দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের অধ্যাপক এবং শামসুন নাহার হলের প্রাক্তন আবাসিক শিক্ষক ড. দীপ্তি সাহা গত ৩১ জুলাই ২০২৬, শুক্রবার সকালে পরলোকগমন করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর। অধ্যাপক ড. দীপ্তি সাহা ২৬/০৪/২০১২ থেকে ০১/০৯/২০১৯ ইং তারিখ পর্যন্ত অত্যন্ত নিষ্ঠা, দায়িত্বশীলতা ও আন্তরিকতার সাথে শামসুন নাহার হলের আবাসিক শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর কর্মময় জীবনে তিনি হলের আবাসিক শিক্ষার্থীদের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন এবং প্রজ্ঞা, সহমর্মিতা ও স্নেহপূর্ণ দিকনির্দেশনার মাধ্যমে সকলের শ্রদ্ধা ও ভালোবাসা অর্জন করেছেন।

অধ্যাপক ড. দীপ্তি সাহার মৃত্যুতে শামসুন নাহার হল পরিবার গভীরভাবে শোকাহত। আমরা তাঁর বিদেহী আত্মার চিরশান্তি কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও আন্তরিক সহানুভূতি জ্ঞাপন করছি। এই অপূরণীয় ক্ষতি বিশ্ববিদ্যালয় পরিবার দীর্ঘদিন শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে।

শোকাহত<br>
শামসুন নাহার হল পরিবার<br>
ঢাকা বিশ্ববিদ্যালয়<br>
০২ আগস্ট ২০২৬